

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.netrokonasadar.netrokona.gov.bd

| | |
|------------|---|
| বিষয় | : নভেম্বর/২০২১ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী |
| সভাপতি | : জনাব মাহমুদা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| সভার তারিখ | : ২৫.১১.২০২১ |
| সময় | : বেলা- ১০.০০ ঘটিকা |

সভার উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরঃ হাজিরা খাতায় সংরক্ষিত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার পরিস্থিতির উপর আলোচনার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। অতপরঃ উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার উপর আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।


| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---------|--|---|---|
| ১. | ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, নেত্রকোণা সদর, উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তবুও আইন শৃঙ্খলার সুস্থ বিষয়াদি বিশেষণের জন্য অফিসার ইনচার্জ নেত্রকোণা মডেল থানা-কে অনুরোধ জানান। অফিসার ইন-চার্জ জানান যে, নির্বাচন ও এস এস সি পরীক্ষা প্রায় কাছাকাছি সময় হতে যাচ্ছে। নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করতে সবাইকে আচরণ বিধি যথাযথভাবে পালন ও কোন দুর্ঘটনা যাতে না ঘটে সে বিষয়ে অনুরোধ জানান। তিনি বিট পুলিশিকে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ জানান। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ২. | সভাপতি, বাংলাদেশ পূজা উদযাপন কমিটি, নেত্রকোণা সদর, নেত্রকোণা জানান যে, গত দুর্গাপূজায় কুচক্রীমহল দাসা বাধিয়ে বিশৃঙ্খলা সৃষ্টি করেছে। নেত্রকোণায় কোন বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারেনি। শারদীয় দুর্গাপূজায় সহযোগিতা করার জন্য সকলকে ধন্যবাদ। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) নেত্রকোণা সদর |
| ৩. | (গ) ভাইস চেয়ারম্যান, জনাব আব্দুল খালেক তালুকদার, জানান যে, আইন শৃঙ্খলার পরিস্থিতি ভাল। পুলিশি টহল অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) নেত্রকোণা সদর, নেত্রকোণা। |
| ৪. | (ঙ) মহিলা ভাইস চেয়ারম্যান, জনাব তুহিন আক্তার, জানান যে, স্কুল পড়ুয়া মেয়েরা স্কুলে আসা যাওয়ার সময় যাতে ইভটিজিং এর স্বীকার না হয় সে বিষয়ে তিনি সকলের প্রতি অনুরোধ জানান। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) নেত্রকোণা সদর, |

উপজেলা নির্বাহী অফিসার নারী নির্যাতন প্রতিরোধ এবং গ্রাম আদালতের মাধ্যমে ইউনিয়নের বিভিন্ন সমস্যা সমাধান করার পরামর্শ প্রদানসহ সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।

বাল্য বিবাহের উপর কঠোর নজরদারি রয়েছে। বাল্যবিবাহ নিরোধকল্পে সম্মিলিতভাবে সকলকে কাজ করার জন্য অনুরোধ জানান। গরু চুরি মাদক, ছুয়া ও ইভটিজিং বন্ধসহ টহল পুলিশ বৃদ্ধি করার জন্য অফিসার ইন-চার্জ নেত্রকোণাকে অনুরোধ জানান। আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখতে সকলে সহযোগিতা কামনা করেন।



সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মাহমুদা আজার)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি

স্মারক নম্বর- ০৫.৪৫.৭২৭৪.০০১.০১৮.১৯- ৫১৭/১


তারিখঃ ২৫ নভেম্বর, ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী, সমাজ কল্যাণ মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা উপজেলা আইন শৃঙ্খলা কমিটি (বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।

অনুলিপি কার্যার্থেঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৩. সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৫. উপজেলাঅফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা।
৭. চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৮. অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা